# বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ সাভার

বিরুলিয়া, সাভার, ঢাকা
Email: bnscsavar@gmail.com
মোবাইল:-০১৭৬৯-৭০২৭১০

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ সাভার এর নিজস্ব অর্থায়নে প্রাথমিক শাখায় নিম্নবর্ণিত পদে নিয়োগ করা হবে:

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | গ্রেড ও বেতন স্কেল |
|---|---|---|---|
| ১। | ক। সহকারী শিক্ষক (ইংরেজি)-০১ জন<br>খ। সহকারী শিক্ষক (বাংলা)-০১ জন<br>গ। সহকারী শিক্ষক (গণিত)-০১ জন<br>ঘ। সহকারী শিক্ষক (বিজ্ঞান)-০১ জন<br>ঙ। সহকারী শিক্ষক (ইসলাম ধর্ম)-০১ জন<br>চ। সহকারী শিক্ষক (শিল্পকলা)-০১ | যে-কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর/সমমানের ডিগ্রি। সকল পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ/ সমমানের জিপিএ। তবে শিক্ষাজীবনে কোন স্তরে ৩য় বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। অভিজ্ঞ প্রার্থী/বিএড ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | ১৩ তম গ্রেড<br>(১১০০০-২৬৫৯০) |
| ২। | পিএ-০১ জন | (১) যে-কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ প্রাপ্ত স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>(২) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>(৩) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ইমেইল, ফ্যাক্স মেশিন চালানোর দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে সর্বনিম্ন গতি থাকতে হবে:<br>(ক) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ।<br>(খ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ।<br>(৪) Education software এর বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। | ১৪ তম গ্রেড<br>(১০২০০-২৪৬৮০) |
| ৩। | হিসাবরক্ষক-০১ জন | (১) শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ:<br>(২) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>(৩) কম্পিউটার, MS Office সহ কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ইমেইল, ফ্যাক্স, ফটোকপি মেশিন চালানোর দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে সর্বনিম্ন গতি থাকতে হবেঃ<br>(ক) ইংরেজি: প্রতি মিনিটে ২৫ শব্দ।<br>(খ) বাংলা: প্রতি মিনিটে ২০ শব্দ। | ১৬ তম গ্রেড<br>(৯৩০০-২২৪৯০) |
| ৪। | পিয়ন-০১ জন | (১) শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>(২) ইলেকট্রিক/প্লাম্বিং কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ২০ তম গ্রেড<br>(৮২৫০-২০০১০) |
| ৫। | ক। ড্রাইভার-০১ জন<br>খ। আয়া-০২ জন<br>গ। খাঁকবর-০১ জন<br>ঘ। গার্ড-০১ জন | (১) শিক্ষা বোর্ড হতে অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>(২) ড্রাইভার পদের জন্য সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | ২০ তম গ্রেড<br>(৮২৫০-২০০১০) |

২। **চাকুরির সুবিধাদি ও শর্ত:** প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা, উৎসব ভাত, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটিসহ অন্যান্য সুবিধা প্রদান করা হবে। প্রথম ০২ বছর শিক্ষানবিশ হিসাবে বিবেচ্য হবে। ০২ বছর সন্তোষজনক চাকরি সমাপনান্তে কর্তৃপক্ষের সুপারিশক্রমে চাকরি স্থায়ীকরণের সুযোগ রয়েছে।

৩। **বয়স:** সকল পদের জন্য ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে বয়স সর্বোচ্চ ৩২ বছর। এছাড়াও অভিজ্ঞ প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য।

৪। **আবেদনের তারিখ:** ০১ অক্টোবর ২০২৫ হতে ১৫ অক্টোবর ২০২৫ পর্যন্ত।

৫। **আবেদনের নিয়মাবলি:** আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পুরণকৃত আবেদনপত্র ১৫ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে অধ্যক্ষ, বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ সাভার এর কার্যালয়, নৌবাহিনী সদর দপ্তর, কল্যাণ পরিদপ্তর, বনানী, ঢাকা-১২১৩ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। প্রার্থীদের পদের নাম খামের উপর স্পস্টাক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান যোগাযোগের ঠিকানা, মোবাইল নম্বর (হোয়াটসঅ্যাপসহ) ও ই-মেইল সংযুক্ত করতে হবে। যে-কোনো তফসিলী ব্যাংক হতে **"জেনারেল ফান্ড"**, বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ সাভার এর অনুকূলে ১৩ তম গ্রেডের জন্য টাকা ৮০০/০০ (টাকা আটশত মাত্র), ১৪ তম গ্রেডের জন্য টাকা ৬০০/০০ (টাকা ছয়শত মাত্র), ১৬ তম গ্রেডের জন্য টাকা ৫০০/০০ (টাকা পাঁচশত মাত্র) এবং ২০ তম গ্রেডের জন্য টাকা ৩০০/০০ (টাকা তিনশত মাত্র) মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখার নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে। এছাড়া, আবেদনপত্রের সাথে প্রার্থীর জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে। প্রতিষ্ঠানের ওয়েবসাইট (https://bnscs.info) এর E-Recruitment অপশন থেকেও আবেদন করা যাবে এবং অনলাইনে নির্ধারিত টাকা প্রদান করা যাবে। অনলাইনে আবেদনকৃত প্রার্থীদেরকে ওয়েবসাইট হতে Applicant copy /Admit card প্রিন্ট করে সাথে নিয়ে আসতে হবে। অনলাইনে আবেদনকৃত প্রার্থীদের কোন কাগজপত্র পাঠানোর প্রয়োজন নেই।

৬। **পরীক্ষা পদ্ধতি:** আগামী ২৫ অক্টোবর ২০২৫ সকাল ১০০০ ঘটিকায় বাংলাদেশ নৌবাহিনী কলেজ ঢাকা, নাবিক আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট, মিরপুর-১৪, ঢাকা-১২০৬ এ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শ্রেণিকক্ষে পাঠদান/দাপ্তরিক কাজের দক্ষতা যাচাই এবং মৌখিক পরীক্ষার বিষয়ে যথাসময়ে অবহিত করা হবে। অনুচ্ছেদ-১ এর উপ-অনুচ্ছেদ-২ ও ৩ ক্রমিক নং পদের ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭। আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বরে (হোয়াটস্অ্যাপ)/ই-মেইল এ প্রবেশপত্র প্রেরণ করা হবে।

৮। প্রার্থীগণকে উল্লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে-কোনো আবেদন বাতিল এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন ও সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন। যে-কোনো সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

এম নাজমুল হাসান
লে: কমান্ডার বিএন
অধ্যক্ষ, বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ সাভার